কাম ফর হিউম্যানিটি’র গাংনী উপজেলা কমিটি গঠন

মেহেরপুরে গাংনী উপজেলা শাখার অরাজনৈতিক ও মানব কল্যাণধর্মী স্বেচ্ছাসেবী সংগঠন কাম ফর হিউম্যানিটি-সিএফএইচ এর কমিটি গঠন। আজ বৃহষ্পতিবার চিৎলা ফার্মে আম্রকাননে এর কেন্দ্রীয় কমিটির নির্দেশনা অনুযায়ী আগামী ১ বছরের জন্য ৩১ সদস্য বিশিষ্ট কাম ফর হিউম্যানিটি গাংনী উপজেলা শাখার কমিটি গঠন করা হয়েছে।

সবুজ আহমেদ খানকে সভাপতি ও বিপুল হাসানকে সাধারণ সম্পাদক মনোনীত করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি অনুমোদন দেয় কাম ফর হিউম্যানিটির সভাপতি মামুন অর রশিদ বিজন ও সাধারণ সম্পাদক তানভীর আহমেদ সাজু।

নবনির্বাচিত কমিটির সভাপতি সবুজ আহম্মেদ খান, সহ-সভাপতি শাকিল পারভেজ, শাহরিয়ার আহম্মেদ রিক্ত, চপল আহম্মেদ, মোঃ রকিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব হোসেন (চিৎলা), আবু সাঈদ, খাইরুজ্জামান রবিন, সাংগঠনিক সম্পাদক মোঃ শিহাবুর রহমান, সোহরাব হোসেন (শানঘাট), মুজাহিদ খান জাহিদ, দপ্তর সম্পাদক মোঃ উমায়ের (অর্ক), উপ-দপ্তর সম্পাদক মোঃ নাসিম, প্রচার সম্পাদক মোঃ সামি উল ইসলাম, উপ-প্রচার সম্পাদক শাহরিয়ার, সাংস্কৃতিক সম্পাদক শশী মণি,

উপ সাংস্কৃতিক সম্পাদক মোঃ নাহিদ হোসেন, পরিবেশ বিষয়ক সম্পাদক মোঃ মিঠুন হাসান, সহ-পরিবেশ বিষয়ক সম্পাদক আমির হামজা, অর্থ বিষয়ক সম্পাদক আশিকুজ্জামান, সহ-অর্থ বিষয়ক সম্পাদক তপু রায়হান, মহিলা বিষয়ক সম্পাদক শিলা ঊষা, সহ-মহিলা বিষয়ক সম্পাদক সুরভী খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক শাহিন রেজা (দেবীপুর) সহ-সমাজসেবা বিষয়ক সম্পাদক শেহজাদ নূরানী শাওন।

এসময় সংগঠনের সভাপতি মামুন অর রশিদ বিজন নবনির্বাচিত কমিটিকে শক্তিশালী ভাবে গাংনী উপজেলা তথা মেহেরপুর জেলার উন্নয়নে ও তরুণ সমাজকে একত্রিত করে বৃহৎ সামাজিক নেটওয়ার্ক তৈরির আহবান জানান। সেই সাথে আগামী ১ মাসের মধ্যে গাংনী উপজেলার সকল ইউনিটে কমিটি গঠনের নির্দেশনা দেয়।

তিনি আরও বলেন, কাম ফর হিউম্যানিটি বিগত ২০১৭ সাল থেকে মেহেরপুর জেলার তরুণ ও শিক্ষার্থীদের নিয়ে পরিচালিত হচ্ছে মেহেরপুর জেলা

তথা সমগ্র বাংলাদেশের কল্যাণমূলক কাজের মধ্য দিয়ে। নবনির্বাচিত কমিটির জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানান কেন্দ্রীয় কমিটি।

কালীগঞ্জে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে কিশোরের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে সাগর (১৫) নামের এক কিশোরের মৃত্যু হয়েছে। সে কালীগঞ্জ উপজেলার ভাতঘরা গ্রামের বিলায়েত হোসেনের ছেলে। এবার সে এসএসসি পরীক্ষা দিয়ে ফেল করেছিল।

আজ বৃহষ্পতিবার সকাল ১০টার দিকে কালীগঞ্জ উপজেলার বুুজিডাঙ্গা এলাকায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সাগর একটি ট্রাক্টরে করে মাটি নিয়ে বাড়ি যাচ্ছিল। এ সময় রাস্তার উপর বিদ্যুতের তার সরাতে গিয়ে বিুদ্যৎ স্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যায়।

এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু বিষয়টি নিশ্চত করেছেন।

ঝিনাইদহে এমপিও ভুক্ত শিক্ষকরাও কোচিং ও প্রাইভেট বাণিজ্য এখন ব্যস্ত

শিক্ষার্থীদের করোনা সংক্রমণ থেকে দূরে রাখতে সরকার যখন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখছেন ঠিক সেই মুহুর্তে ঝিনাইদহ সদর উপজেলার এক শ্রেণীর শিক্ষক ও কলেজ পড়ুয়া ছাত্ররা তাদের কোচিং বাণিজ্য

অব্যাহত রেখেছেন। সামাজিক দূরত্ব, স্বাস্থ্য বিধির কোন তোয়াক্কা না করেই এসব শিক্ষক ও কমলমতি ছাত্র ছাত্রীরা দলবদ্ধভাবে নিজ বাসায় অথবা কোচিং সেন্টারে সকাল-সন্ধ্যা তাদের কোচিং বাণিজ্য চালাচ্ছেন।

করোনার জন্য স্কুল কলেজ বন্ধ থাকার সুযোগে খোদ এমপিও ভুক্ত শিক্ষকরাও কোচিংয়ে জড়িয়ে পড়ায় উপজেলা জুড়েই চলছে অবৈধ কোচিং বাণিজ্য। হাইকোর্টের নির্দেশ থাকা সত্তেও এ উপজেলায় বন্ধ হয়নি কোচিং বাণিজ্য! অর্থের লোভে খোদ ‘মানুষগড়া কারিগর নামের অনেক শিক্ষকই শিক্ষার নীতিমালা ও নৈতিকতা ভুলে গিয়ে আদর্শ বিচ্যুত হচ্ছেন। ফলে কোচিং বাণিজ্য এখন তুঙ্গে। কাঙ্খিত শিক্ষার পিছনে বছরে লাখ লাখ টাকা অতিরিক্ত ব্যয় করতে হচ্ছে শিক্ষার্থী ও অভিভাবকদের। শিক্ষার বাণিজ্যিকীকরণ বহুগুণে বাড়িয়ে তুলেছে কোচিং সেন্টারগুলো।

অভিযোগ রয়েছে, সরকার ঘোষিত নিয়ম-নীতিকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে খোদ এমপিও সুবিধাভোগি শিক্ষকরা একদিকে কোচিং সেন্টারের মালিক হয়ে যেন শিক্ষার প্রসারের নামে শিক্ষা বাণিজ্যের আদলে ‘কোচিং সেন্টার’ নামক দোকান খুলে বসেছেন।

জানা যায়, উপজেলার খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর স্বনামধন্য শিক্ষকরাও নিজেদের তত্ত্বাবধানে বাসাবাড়িতে সাইনবোর্ডবিহীন কোচিং ব্যবসা জাঁকিয়ে বসেছেন। বিভিন্ন ব্যাচে শিক্ষার্থীরা সেখানে পড়ছে। একশ্রেণির কোচিংবাজ শিক্ষকদের চাপে সিংহভাগ ছাত্রছাত্রী কোনো না কোনো ভাবে মূল শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে অর্থের বিনিময়ে কোচিংয়ে পড়ছে। এ হিসাবে প্রায় ৮০ শতাংশ শিক্ষার্থীই এক পর্যায়ে কোচিংয়ের ওপর নির্ভরশীল হতে বাধ্য। ফলে কোচিং সেন্টারগুলোর মালিক শিক্ষকরা শিক্ষার নাম ভাঙিয়ে বছর জুড়েই লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছেন।

শিক্ষকরা শিক্ষা নামের নগ্ন বাণিজ্যে বেপরোয়াভাবে জড়িয়ে পড়ায় নিজ স্কুলের শিক্ষকদের কাছেই গণিত, ইংরেজি, রসায়ন, পদার্থসহ পাঠ্যসূচির বিষয়গুলো শিক্ষার্থীরা কোচিং করতে বাধ্য হচ্ছে। কোচিং করার বিষয়ে জানতে চাওয়া হলে শিক্ষার্থীদের অকপট উত্তর ‘ক্লাসে যা পড়ায়, তাতে হয় না। সেখানে ভালোমতো বোঝানো হয় না। তাই কোচিং তো করতেই হয়। শত শত শিক্ষার্থীর একই মনোভাব ক্লাসে বুঝি না। বোঝানো হয় না। অভিভাবকের মুখেও একই কথা শুনা যায়। অভিভাবদের অভিযোগ, সরকার কোচিং নিষিদ্ধ করেছে। সন্তানের ভালো

রেজাল্টের আশায় কোচিং সেন্টারে পড়াতে বাধ্য হতে হয়।

এ বিষয়ে উপজেলার নগরবাথান গ্রামের একজন অভিভাবক জানান, শুধু করোনা বা সংক্রমণ এড়াতে প্রাইভেট পড়াতে পারছি না ছেলেকে। নগর বাথান মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক জানান, একমাত্র অজ্ঞ শিক্ষক এবং অভিভাবকরাই কেবল দেশের এ ক্রান্তিলগ্নে ছেলে-মেয়েদের প্রাইভেট মাষ্টারদের কাছে পাঠাচ্ছে। এ ছাড়া নিজের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অবসর সময়টি কাজে লাগানো যাচ্ছে।

কোচিং ও প্রাইভেট শিক্ষকদের নামের তালিকায় নগর বাথান বাজার এলাকায় খোঁজ নিয়ে জানা গেছে, একটি কোচিং এর পরিচালনা করেন এম এ খালেক কলেজের প্রভাষক মোঃ নজরুল ইসলাম। সেখানে নজরুল ইসলাম সহ ৬জন কলেজ পড়ুয়া ছাত্র দিয়ে কোচিং চালানো হচ্ছে। এরা হল দেলয়ার, হাবিব, সোহাগ, সোহেল, ও সাগর। একই এলাকার সেন্টু নামে তার নিজ বাড়িতে ১০/১৫ জন শিক্ষার্থী নিয়ে একটি ছোট খুপড়ির মধ্যে শিক্ষার্থীদের গাদাগাদি করে বসিয়ে পড়াচ্ছেন। সে পেশাই একজন প্রাইভেট শিক্ষক নামেই পরিচিত।

এছাড়াও নগর বাথান বাজারের পশ্চিম পার্শে নজরুল ইসলাম নামে আরেক শিক্ষক। সে রাম নগর দাখিল মাদ্রাসার শিক্ষক। কোন স্বাস্থ্য সেবা না মেনেই তার নিজ বাড়িতে ২০/৩০ জন করে ২/৩ ব্যাচে শিক্ষার্থীদের পড়াচ্ছেন।

এছাড়াও উপজেলার কালিচরনপুর ইউনিয়নের ‘মোসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে’র শিক্ষক জাহাঙ্গীর আলমকে একি ইউনিয়নের ভগবান নগর স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসায় বেশ কিছু ছাত্র-ছাত্রী নিয়ে প্রাইভেট পড়াতে দেখা গেছে। এছাড়াও উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ঝপঝপিয়া গ্রামের সাগর,ও জাহাঙ্গীর নামের ২জন প্রাইভেট শিক্ষক, তাদের নিজ বাড়িতে ও বাড়িতে বাড়িতে যেয়ে প্রাইভেট পড়ায় বলে জানা গেছে ।

স্কুল কলেজ মাদ্রাসাগুলো যেন করোনাই বন্ধ থাকার সুযোগে কোচিং ও প্রাইভেট সেন্টার হয়ে গেছে।
এ বিষয়ে জানতে চাইলে জেলা শিক্ষা অফিসার সুশান্ত কুমার দেব বলেন, এ ব্যাপারে এখন পর্যন্ত কোন অভিযোগ কেউ করেনি। বিষয়টি তদন্ত করে ব্যাবস্থা নেওয়া হবে।

সুস্বাস্থ্যের জন্য দরকার ভেজালমুক্ত খাবার: তাজুল ইসলাম

দেশের মানুষের স্বাস্থ্যের জন্য যেমন হাসপাতাল ও চিকিৎসার মান উন্নয়ন দরকার, তেমনি ভেজালমুক্ত খাবারও প্রয়োজন বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম। তিনি বৃহস্পতিবার দুপুরে রাজধানীর দক্ষিণ সিটি কর্পোরেশনের আধুনিক খাদ্য পরীক্ষাগারের উদ্বোধন শেষে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস, স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব হেলালুদ্দীন আহমেদ সহ স্থানীয় সরকার বিভাগ ও ডিএসসিসির ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

মো. তাজুল ইসলাম বলেন, ‘আমাদের যেমন হাসপাতাল তৈরি করতে হবে, চিকিৎসার মান উন্নয়ন করতে হবে তেমনি মানুষকে বিশুদ্ধ ও ভেজালমুক্ত খাবার দিতে হবে। কারণ মানুষের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করতে বিশুদ্ধ ও পুষ্টিসমৃদ্ধ খাবারের কোন বিকল্প নেই।

তিনি বলেন, মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়লে তার ইমিউনিটি সিস্টেম যে কোন ভাইরাসকে সহজেই দমন করতে পারে। আর মানুষের ইমিউনিটি নির্ভর করে ফুড সাইকেলের ওপর। খাদ্যে ভেজাল থাকলে মানুষ সহজেই ছোট-খাটো ভাইরাসে আক্রান্ত হয়।

স্থানীয় সরকার মন্ত্রী বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে অধিকাংশ মানুষ প্রক্রিয়াজাত খাবার খাওয়ায় তাদের ইমিউনিটি কমে গিয়েছিল। ফলে যুদ্ধের চাইতেও যুদ্ধ পরবর্তী সময়ে ছোট-খাটো ভাইরাসের আক্রমণে যুদ্ধের চেয়েও অনেক বেশি মানুষ মারা গিয়েছিল।

আধুনিক খাদ্য পরীক্ষাগারটিকে ইউরোপীয় দেশগুলোর মতো উন্নতমানের

উল্লেখ করে তিনি বলেন, এই পরীক্ষাগার নগরবাসীকে ভেজালমুক্ত খাবার সরবরাহ করতে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সূত্র- ইত্তেফাক

উত্তেজনার মধ্যেই লাদাখ যাচ্ছেন রাজনাথ সিং

গালওয়ান সংঘর্ষের পর একের পর এক বৈঠক হচ্ছে। তবে সীমান্তে উত্তেজনা এখনো কমেনি। গত মঙ্গলবার চৌশলে ইন্দো-চীন সেনা কমান্ডারদের তৃতীয় বৈঠকেও ‘প্রকৃত সমাধানসূত্র’ বের হয়নি।

নিয়ন্ত্রণরেখা থেকে সেনাবাহিনী সরানোর বিষয়ে এখনো সেনাবাহিনী এবং কূটনৈতিক স্তরে বেশ কয়েকটি বৈঠক প্রয়োজন বলেই মনে করছে ভারতের সেনাবাহিনী।

গত মঙ্গলবার চৌশল সীমান্তে প্রায় ১১ ঘণ্টার ম্যারাথন বৈঠক চলে। সেখানে ভারতের পক্ষে উপস্থিত ছিলেন ১৪ কোরের কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল হরেন্দ্র সিংহ ও চীনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন দক্ষিণ জিংজিয়াং মিলিটারি ডিস্ট্রিক্টের চিফ মেজর জেনারেল লিউ লিন।
জানা গেছে, পর্যায়ক্রমে এবং ধাপে ধাপে কিভাবে সেনাবাহিনী সরিয়ে নেওয়া হবে, দু’পক্ষে সেই বিষয়টিই অগ্রাধিকার দেওয়া হয় আলোচনা পর্বে।

তবে পরিস্থিতি ঠিক কোন পথে তার রেশ বুঝতে শুক্রবারই লাদাখ যাচ্ছেন ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং সেনাপ্রধান এম এম নারভানে।

জানা গেছে, লাদাখ সীমান্তে মোতায়েন করা সেনাবাহিনীর সঙ্গে কথা বলবেন মন্ত্রী। পরবর্তী কৌশল এবং পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন সেনা কমান্ডারদের সঙ্গেও।

প্রসঙ্গত, প্রকৃত নিয়ন্ত্রণ রেখায় ভারত-চীন সংঘর্ষের পর এই প্রথম

লাদাখ যাচ্ছেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ। এই বৈঠকে থাকবেন নর্দার্ন আর্মি কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল ওয়াই কে জোশি।

সূত্র- বিডি-প্রতিদিন

জীবননগরে আন্তজেলা ডাকাত দলের শীর্ষ দুই সদস্য আটক

চুয়াডাঙ্গা জীবননগরে আন্তজেলা ডাকাত দলের দুই শীর্ষ সদস্য পুলিশের হাতে আটক হয়েছে।

বুধবার গভীর রাতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার জাহিদুল ইসলামের নির্দেশে দামুড়হুদা ও জীবননগরের সার্কেল এ এস পি আবু রাসেল ও জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার গোয়ালহুদা গ্রামের হানিফ ড্রাইভারের বাড়িতে অভিযান চালিয়ে

মাদারীপুর জেলার কালকিনী উপজেলার আঃ আজিজ সরদারের ছেলে আন্তজেলা ডাকাত দলের শীর্ষ সদস্য খবির সরদার (৫৫)এবং মহেশপুর উপজেলার পুরন্দপুর গ্রামের মৃত নজরুল ইসলামের ছেলে আন্তজেলা ডাকাত দলের সদস্য জনি শেখকে(৩১) তার শ^শুরবাড়ি মহেশপুর উপজেলার বাথানগাছী গ্রাম থেকে আটক করে ।

এ সময় তাদের নিকট থেকে ডাকাতি করা অর্থের ভাগস্বর ৩হাজার টাকা উদ্ধার করে ।উল্লেখ্য গত ২৭-৬-২০ ইং তারিখে জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের মিনাজপুর গ্রামের হামিদুজ্জামান টিটুর বাড়িতে সঙ্গবদ্ধ অবস্থায় ৬/৭জন ডাকাতদল বাড়ির বাউন্ডারির দেওয়াল টপকিয়ে ঘরের তালা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে দারালো অস্ত্রের ভয় দেখিয়ে তাদের বাড়িতে অবস্থানরত সকলের হাত,পা বেধে নগদ টাকা,স্বনালংকার ,মোবাইল ফোন সহ সর্বমোট দুই লক্ষ ৮৩হাজার ৮০০ টাকার মালামাল লুট করে নেয়।

ঘটনার পাঁচ দিনের মাথায় ডাকাত দলের দুই সদস্য গ্রেফতার হওয়ায় এলাকার সাধারন মানুষের মধ্যে একটি স্বস্থী দেখা গেছে।এ বিষয়ে গতকাল বৃহসপ্রতিবার বেলা সাড়ে ১২টার সময় এ এস পি আবু রাসেল জীবননগর থানায় উপস্থিত হয়ে একটি প্রেস বিফ্রি করেন ।

এ সময় তিনি বলেন অপরাধী যতবড় শক্তিশালী হোক না কেন তাদের কাউকে ছাড় দেওয়া হবে না ।এর সাথে যারা আরো জড়িত আছে তাদের কেউ খুব শিঘ্রই আটক করা হবে ।

কুষ্টিয়ায় প্রতিবন্ধী শিশুকে ধর্ষণের অভিযোগে যুবক গ্রেপ্তার

কুষ্টিয়ার খোকসা উপজেলায় এক মানসিক প্রতিবন্ধী শিশুকে (১২) ধর্ষণের অভিযোগে শুকুর প্রামানিক (৩৮) নামে এক মুদি দোকানিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহস্পতিবার গ্রেপ্তার শুকুর প্রামানিককে আদালতের সোপর্দ করা হয়। আদালত জামিন নামঞ্জুর করে জেলহাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন বলে নিশ্চিত করেছে পুলিশ।

শুকুর প্রামানিক খোকসা উপজেলার বাসিন্দা এবং স্থানীয় মুদি দোকানদার।

খোকসায় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহুরুল আলম জানান, গত মঙ্গলবার দুপুরে শিশুটি চকলেট কিনতে শুকুর প্রামানিকের দোকানে যায়। এ সময় শুকুর চকলেটের প্রলোভন দেখিয়ে নিজ ঘরে নিয়ে গিয়ে ধর্ষণ করে। প্রতিবন্ধী শিশুর মা শিশুটিকে খুঁজতে শুকুর প্রামানিকের বাড়ির ঘরে প্রবেশ করলে তার ঘরের মধ্যে বিবস্ত্র অবস্থায় শিশুটিকে দেখতে পায়।

বিষয়টি জানাজানি হলে প্রতিবন্ধী শিশুকে হত্যা করবে এই ভয় দেখিয়ে তাদের দুজনকেই ঘরে আটকে রাখেন শুকুর প্রামানিক।

পরে স্থানীয়রা মা-মেয়েকে সেখান থেকে উদ্ধার করে। এ ঘটনায় গতকাল বুধবার শিশুর মায়ের দেয়া এজাহারটি আমলে নিয়ে নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আইনে মামলাটি রেকর্ড হয়েছে।

শিশুটির ডাক্তারি পরীক্ষা সম্পন্ন হয়েছে। এ মামলার একমাত্র এজাহারভুক্ত আসামি শুকুর প্রামানিককে বুধবার রাতে গ্রেপ্তার করা হয় বলেও জানান ওসি।

দেশে করোনা আক্রান্ত দেড় লাখ ছাড়াল

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে ৩৮ জনের মৃত্যু হয়েছে। মহামারীতে এ পর্যন্ত মারা গেছেন এক হাজার ৯২৬ জন।

বৃহস্পতিবার দুপুরে কোভিড-১৯ রোগ নিয়ে হালনাগাদ তথ্য দিতে স্বাস্থ্য অধিদফতরের অনলাইন সংবাদ ব্রিফিংয়ে এমন তথ্য জানানো হয়েছে।

অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা বলেন, এ সময়ে নতুন করে চার হাজার ১৯ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। এ পর্যন্ত শনাক্ত হয়েছে এক লাখ ৫৩ হাজার ২৭৭ জন।

তিনি বলেন, ২৪ ঘণ্টায় ১৭ হাজার ৪৪৭টি নমুনা সংগ্রহ করা হয়েছে। আর পরীক্ষা করা হয়েছে ১৮ হাজার ৩৬২টি। এ পর্যন্ত নমুনা পরীক্ষা করা হয়েছে আট লাখ দুই হাজার ৬৯৭টি।

তিনি বলেন, আজ ৭০টি পরীক্ষাগারে নমুনা পরীক্ষা করা হয়েছে। আরেকটি বেসরকারি মেডিকেল কলেজ পরীক্ষাগারের সঙ্গে সংযুক্ত হয়েছে।

‘গত এক দিনে সুস্থ হয়েছেন চার হাজার ৩৩৪জন। আর এ পর্যন্ত সুস্থ হয়েছেন ৬৬ হাজার ৪৪২ জন। শনাক্তের বিবেচনায় সুস্থতার হার ৪৩.৩৫ শতাংশ।’

তিনি আরও বলেন, শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার এক দশমিক ২৬ শতাংশ।

মৃতদের মধ্যে পুরুষ ৩২ জন, আর নারী ছয় জন।

করোনার ঝুঁকি এড়াতে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং স্বাস্থ্যবিধি মানতে সবাইকে অনুরোধ জানিয়ে তিনি বলেন, দেশের কয়েকটি এলাকা বন্যাকবলিত। সরকার দুর্গতদের সহায়তায় কাজ করছে।

পাশাপাশি স্বাস্থ্য অধিদফতরের পক্ষ থেকে সব ধরনের ওষুধ বন্যাদুর্গত এলাকায় পৌঁছানো হয়েছে। করোনা মোকাবেলায় দুর্গত এলাকায় সবাই স্বাস্থ্যবিধি মেনে চলুন। পানিতে ডুবে ও সাপের কামড়ে মারা যাওয়া থেকে সতর্ক থাকুন। সুত্র-যুগান্তর

গাংনী চিৎলা পাটবীজ খামারে কৃষি বিশ^বিদ্যাল স্থাপনের দাবীতে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা ফার্মে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মানববন্ধন করেছে গাংনীর সর্বসাধারণ। আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে চিৎলা পাট বীজ ভিত্তি খামার চত্বরে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। গাংনীবাসির গণদাবী হিসেবে সর্বসাধারণ এ মানববন্ধনের আয়োজন করেন।

মানববন্ধনে নেতৃত্ব দেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন। এ সময় জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশার, ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক আব্দুল মান্নান মাস্টার, গাংনী পৌর কাউন্সিলর নবীর উদ্দিন, পৌর কৃষক লীগের সভাপতি বদরুল আলম বুদু, পৌর কাউন্সিলর মিজানুর রহমান, ধানখোলা ইউপি সদস্য কামরুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক বিপ্লব হোসেন, গাংনী ডিগ্রী কলেজ ছাত্রলীগের সভাপতি হাসিব মাহমুদ, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম সেন্টু, নব নির্বাচিত শ্রমিক ইউনিয়নের গাংনী শাখার সাধারণ সম্পাদক রাশিদুল ইসলাম রাশেদ, উপজেলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের আহবায়ক নুরুল

ইসলাম, সি এফ এইচ পরিচালক মামুনুর রশিদ মিলন উপস্থিত ছিলেন। বক্তারা গাংনী উপজেলার চিৎলা ফার্মে কৃষি বিদ্যালয় স্থাপনের যৌক্তিক দাবি তুলে ধরে বলেন, ১৯৯০ সাল থেকে গাংনীর অবহেলিত ও শিক্ষা সুযোগ বঞ্চিত মানুষের দাবী চিৎলা পাটবীজ খামারে বিশ^ বিদ্যালয় স্থাপিত হোক। এদাবী নতুন নয়, এলাকাবাসীর দির্ঘদিনের দাবী আজ গণদাবীতে পরিনত হয়েছে।

বক্তারা আরো বলেন,চিৎলা পাটবীজ খামারটি প্রতিবছর লোকসান গুনতে হয় সরকারকে। একারনে খামারটি ধীরে ধীরে মুখ থুবড়ে পতিত জমিতে পরিনত হয়েছে। এছাড়া প্রায় ৪/৫শ’ একর জমি রয়েছে, যা একটি বিশ^বিদ্যালয় স্থাপনের উপযোগী হতে পারে।

এছাড়াও গাংনী উপজেলা শহর থেকে ২ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে মনোরম পরিবেশ শিক্ষা উপযোগী স্থান হিসেবে বিবেচিত বলে দাবী স্থানীয়দের। ১৯৯০ সাল থেকে ওয়াসিম সাজ্জাদ লিখন বিশ^বিদ্যালয় স্থপনের দাবীতে বিভিন্ন মহলে দাবী করেন। মানববন্ধন শেষে একটি আহবায়ক কমিটি গঠর করা হয়। এ আহবায়ক কমিটিতে কৃষকলীগ নেতা ওয়াসিম সাজ্জাদ লিখনকে আহবায়ক ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারকে যুগ্ম আহবায়ক করা হয়।

সাবেক এমপি মকবুল হোসেন ও সাবেক এমপি আমজাদ হোসেন জাতীয় সংসদে বার বার চিৎলা পাটবীজ খামারে কৃষি বিশ^বদ্যালয় স্থাপনের দাবী উত্থাপন করেন। মেহেরপুর-২ (গাংনী) আসনের বর্তমান সংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন জাতীয় সংসদে এদাবী পরুনের প্রস্তাব তোলেন। বিষয়টি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ◌্গাংনীর মানুষের দাবীর প্রেক্ষীতে শিক্ষা বিভাগকে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের নির্দেশ দেন। এমতাবস্থায় কৃষি বিশ^বিদ্যালয়টি চিৎলা পাটবীজ খামারে স্থাপনের দাবীতে আশায় বুক বেধেছেন গাংনীবাসি।

মেহেরপুরে নতুন দুই ইউনিয়ন

শ্যামপুর ও বারাদি

দির্ঘদিনের দাবির পেক্ষিতে অবশেষে মেহেরপুর সদর উপজেলায় শ্যামপুর ও বারাদিকে নতুন ইউনিয়ন গঠন করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি করা হয়।

গত ২৪ জুন দুটি পৃথক গণবিজ্ঞপ্তির মাধ্যমে এ ইউনিয়ন দুটি ঘোষনা করে মেহেরপুর সদর উপজেলা ভূমি অফিস। নতুন ইউনিয়নের মধ্যে ১২টি গ্রাম নিয়ে শ্যামপুর ইউনিয়ন গঠন করা হয়েছে। গ্রামগুলো হলো- ঝাউবাড়িয়া, দিঘিরপাড়া, রামনগর, কাজীপুরপাড়া, গোপালপুর, বসন্তপুর, পুরাতন মদনাডাঙ্গা, নতুন মদনাডাঙ্গা, আলমপুর, ধুশারপাড়া, শ্যামপুর, বেলতলাপাড়া।

এছাড়া ১৫টি গ্রাম নিয়ে বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে। সেগুলো হলো- রাজনগর, জুগিন্দা, কলাইডাঙ্গা, বারাদি, মোমিনপুর, বর্শিবাড়িয়া, হাসনাবাদ, পাটাপোকা, পাটকেলপোতা, চাঁদপুর, নতুন দরবেশপুর, পুরাতন দরবেশপুর, সিংহাটি, পূর্বপাড়া, শিমুলতলা।

সহকারী কমিশনার (ভূমি) মাইনউদ্দিন সাক্ষরিত গন বিজ্ঞপ্তিতে বলা হয়, জন সংখ্যা বৃদ্ধিজনিত কারনে এবং প্রশাসনিক সুবিধার্থে বড় দুটি ইউনিয়নকে ভেঙে চারটি করার সিদ্ধান্ত নেওয়া হয়। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে।

স্থানীয় সরকার আইন, ২০০৯ এর ১২ ধারার ক্ষমতাবলে সীমানা নির্ধারণকারী কর্মকর্তা হিসেবে সদর উপজেলা ভুমি কর্মকতা (সহকারি কমিশনার ভুমি) ওই আইনের ১৩ ধারার বিধান অনুযায়ী নবগঠিত শ্যামপুর ও বারাদি ইউনিয়নের প্রস্তাবিত ওয়ার্ড সমূহের সীমানা নির্ধারণ পূর্বক একটি গন বিজ্ঞপ্তি জারি করেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ওয়ার্ডের তালিকাতে কারও আপত্তি থাকলে ১০ কার্য দিবসের মধ্যে জেলা প্রশাসকের কাছে লিখিতভাবে আপিল করতে পারবে।

মেপ্র/এমএফআর